দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৫৩

তারিখ 0 2 OCT 1988
পৃষ্ঠা 1 কলাম 1

২৫

# ভবিষ্যৎ বংশধরদের জন্য সুষ্ঠু পরিবেশ গড়ে তুলুন : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি এইচ,এম এরশাদ ভবিষ্যৎ বংশধরদের সুষ্ঠু পরিবেশে গড়ে তোলার জন্য সহযোগিতা করতে সব মহলের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল শনিবার ঢাকার মিরপুরে হারম্যান মেইনার কলেজের উদ্বোধন করছিলেন। খবর বাসস'র।

মিরপুরে সরকারের দানকরা জমিতে এসওএস ইন্টারন্যাশনাল কলেজটি স্থাপন করেছে। সংস্থার প্রতিষ্ঠাতা হারম্যান মেইনারের নামানুসারে কলেজটির নাম দেয়া হয়েছে।

রাষ্ট্রপতি এরশাদ বাংলাদেশে এস ও এস-এর সেবা সম্প্রসারণে ব্যক্তিগতভাবে প্রচেষ্টা চালানোর জন্য এসওএস ইন্টারন্যাশনালের প্রেসিডেন্ট হেলমুট কুটিনকে ধন্যবাদ জানান।

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## রাষ্ট্রপতি

(১ম পাতার পর)

শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ, সমাজ কল্যাণমন্ত্রী রেজওয়ান হক চৌধুরী, এসওএস প্রেসিডেন্ট হেলমুট কুটিন প্রমুখও অনুষ্ঠানে ভাষণ দেন।

কুটিন রাষ্ট্রপতির ত্রাণ তহবিলের জন্য পশ্চিম জার্মানীর এসওএস শিশু গ্রামের দানকরা ৩ লাখ টাকার একটি চেক রাষ্ট্রপতির কাছে হস্তান্তর করেন। প্রকল্প পরিচালক শিশুদের টিকিন থেকে বাঁচানো ৮ হাজার টাকা হস্তান্তর করেন।

তারপর রাষ্ট্রপতি নামফলক উন্মোচন করে আনুষ্ঠানিকভাবে কলেজের উদ্বোধন করেন।

অনুষ্ঠানে স্পীকার শামসুল হুদা চৌধুরী, উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম. এ মতিন, মন্ত্রীবর্গ, নৌবাহিনী প্রধান, কূটনীতিকগণ ও উচ্চপদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।